

# রচনা

শামস্ রহমান

যুগের পর যুগ, বারংবার;  
বীরের জীবন্ত মূর্তি ভাঙার নৃশংস দৃশ্য  
কলঙ্কিত করেছে পূবের আকাশ -  
রক্ত স্রোত গঙ্গা হয়ে  
বয়ে গ্যাছে নিস্প্রভ রাত।  
তাতে নাকি লেগে আছে পশ্চিমের প্রচ্ছন্ন হাতের ছাপ!

এ গ্রীষ্মে মূর্তি ভাঙার জোয়ার এসেছে পশ্চিমে;  
উজ্জ্বল তামাটে খোলসের  
ভাজ থেকে নিগৃত পাপ  
অংশুমালীর মুখোমুখি আজ;  
লাল কালো হলুদে রাঙানো পতাকা তলে  
শ্রমিকের কাতারে কেবলি দেখি মুষ্টিবদ্ধ সাধারণ মানুষের হাত।

কতকাল আমিও ভেবেছি  
লালসালু মাথায় বেঁধে  
পাথর-ভাঙা যুবার মত  
আমিও ভাঙবো;  
কত প্রহর গুনেছি  
ভাঙ্গা খোলসের সুতীর ঝংকারে  
মাবোদের মাঠে মাঠে নৃত্যের তালে  
আমিও নাচবো।

আমি পারিনি। পারছে প্রজন্ম।  
এ প্রতিশোধ নয়,  
এ প্রতিরোধ;  
এ কোন উৎসব নয়,  
মানবতার তাড়নায়  
এ শুধুই অপ্রান্ত ইতিহাস রচনার প্রত্যয়।

অসীমের অতলান্তে অঙ্কুরিত কুন্টাকিন্টের অস্তিত্ব কি ভাবছে আজ?